

ইউনিট-C (গ্রুপ 1, 2, 3, 4 এবং Non-Science)

৪র্থ নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারিজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ৪র্থ নির্বাচন ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ১৪-০৯-২০২২ এবং ১৫-০৯-২০২২ সকাল ১০:০০টা থেকে দুপুর ৩:০০টার মধ্যে নিচে বর্ণিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাইয়ের জন্য কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেওয়া হলো।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৮টা - বিকাল ৩টা) বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১১১৫, ০১৩০৩-২১০৩৩৬)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে। পরবর্তী নির্বাচনের সময় বিবেচিত হওয়ার জন্য ১৫-০৯-২০২২ দুপুর ৩:০০টার পূর্বে এটি করতে হবে।

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
৫ম নির্বাচন তালিকা	১৭ সেপ্টেম্বর ২০২২ অপরাহ্ন	১৮ ও ১৯ সেপ্টেম্বর, ২০২২
৬ষ্ঠ নির্বাচন তালিকা	২০ সেপ্টেম্বর ২০২২ অপরাহ্ন	২২ ও ২৫ সেপ্টেম্বর, ২০২২
৭ম নির্বাচন তালিকা	২৬ সেপ্টেম্বর ২০২২ অপরাহ্ন	২৭ ও ২৮ সেপ্টেম্বর, ২০২২

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩৩০.০০ টাকা (পাঁচ হাজার তিনশত ত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (১৪-০৯-২০২২ সকাল থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
- সকাল ১০:০০টা থেকে দুপুর ৩:০০টার মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
 - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
 - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
 - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
 - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে Transaction ID সহ একটি প্রিন্টআউট [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩ সেপ্টেম্বর ২০২২

(প্রফেসর ড. মো. সাহেদ জামান)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২১-২০২২ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও ডীন, বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি 4388 বা **Dean, Faculty of Science (RU)** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ছাত্র/ছাত্রীর ভর্তি পরীক্ষার রোল নাম্বার অথবা ভর্তির বিল নম্বর দিন।
৫. টাকার পরিমাণ (1000) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দৃষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের Transaction ID সহ প্রিন্টআউট জমা দিতে হবে।